



বাংলাদেশ নার্সিং কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা-১০০০

ফোন: ৯৫৬১১১৬, ৭১২৬১৩৩, ৯৫৬৪১৫৯ টেলিফ্যাক্স: ৯৫৬১১১৬

ই-মেইল: bdnursingcouncil@yahoo.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/২০১৪/৯৮

তাং-১৯ ফেব্রুয়ারী ২০১৪খ্রিঃ

পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং কাউন্সিলের অধীনে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী, ০৪ বছর মেয়াদি বিএসসি ইন-নার্সিং এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ভূতাপেক্ষ অনুমোদিত শিক্ষার্থীদের মধ্যে কোর্স সমাপ্তকারীদের (নিয়মিত ও অনিয়মিত/অকৃতকার্য) কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/ প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষা আগামী ১২ বৈশাখ ১৪২১ বাংলা/ ২৫ এপ্রিল ২০১৪ খ্রিঃ শুক্রবার সকাল-১০.০০ ঘটিকা হতে ১১.৪০ ঘটিকা পর্যন্ত পরীক্ষা কেন্দ্রঃ তেজগাঁও কলেজ, ১৬ ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫ -তে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইতোমধ্যে সকল প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি প্রেরণ পূর্বক আবেদন ফরম পূরণের কাজ সম্পন্ন করা হয়েছে। কোন প্রার্থী এখনও ফরম পূরণ না করে থাকলে ২৭ ফেব্রুয়ারী ২০১৪খ্রিঃ মধ্যে বিএনসি'তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ না করলে উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষার ফলাফল পরীক্ষার পরের দিন যথাক্রমে www.bnmc.gov.bd ওয়েব সাইটে, ডাকযোগে সংশ্লিষ্ট নার্সিং কলেজ-ইনস্টিটিউটে প্রেরণ ও দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

(সুরাইয়া বেগম)
রেজিস্ট্রার